

## **া** লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৮৮. ভ্রমণ করুন

নানা জায়গায় ভ্রমণ করা ও বিভিন্ন স্থান পরিদর্শন করা মনে সুখ বয়ে আনে- একথা আমি এ পুস্তকের প্রথম দিকেও কোন এক অধ্যায়ে বলেছি। মহান আল্লাহ বলেছেন-

"(হে মুহাম্মদ!) আপনি বলে দিন, "আসমানসমূহে ও পৃথিবীতে যা কিছু আছে তোমরা তা দেখ।" (১৯-সূরা ইউনুসঃ আয়াত-১০১)

(হে মুহাম্মদ!) আপনি বলে দিন, "তোমরা পৃথিবীতে ভ্রমণ কর ও দেখ।"

যে ব্যক্তি ইবনে বতুতার ভ্রমণ বৃত্তান্ত পড়বে সে আল্লাহর সৃষ্টি রহস্য জেনে বিস্ময়াভিভূত হয়ে যাবে যদিও উক্ত পুস্তকে কিছু বাড়াবাড়ি আছে। ভ্রমণ ও সৃষ্টির খোলা পুস্তক পাঠের মাধ্যমে ঈমানদারগণ রাজনৈতিক শিক্ষা লাভ করতে পারে। মহান আল্লাহ্ বলেন-

"অতএব তোমরা স্বাধীনভাবে পৃথিবীতে ভ্রমণ কর।" (৯-সূরা তাওবাঃ আয়াত-২)

"এমনকি যখন তিনি সূর্যাস্তগমনের স্থানে পৌছে গেলেন।" (১৮-সূরা আল কাহাফ: আয়াত ৮৬)

"যতক্ষণ পর্যন্ত না দু'সাগরের সঙ্গমস্থলে আমি পৌছব ততক্ষণ আমি (ভ্রমণ) ছাড়ব না অথবা (উদ্দিষ্ট স্থানে না পৌছতে পারলে) আমি যুগ যুগ ধরে চলতে থাকব।" (১৮-সূরা আল কাহাফঃ আয়াত-৬০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7696

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন